গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
উপকরণ-২ শাখা
www.moa.gov.bd

নং-১২.০০.০০০০.০২৬.৩৮.০১০.২১.২৪৩

তারিখ : ০৬ ভাদ্র ১৪৩০ / ২১ আগস্ট ২০২৩

প্রাপকঃ চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার
কৃষি মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।

**বিষয় : ২০২৩-২৪ অর্থবছরে প্রণোদনা কর্মসূচির আওতায় খরিপ মৌসুমে মাষকলাই আবাদ বৃদ্ধির জন্য ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাঝে বিনামূল্যে বীজ ও সার বিতরণ বাবদ ৫০০.৩২৫০০ লক্ষ (পাঁচ কোটি বত্রিশ হাজার পাঁচ শত) টাকার অর্থ ছাড়করণ ও অগ্রিম উত্তোলণের সরকারি মঞ্জুরি আদেশ।**

মহোদয়,

২০২৩-২৪ অর্থবছরে এ মন্ত্রণালয়ের বাজেটের '১২০০০৬৫০৫- কৃষি পুনর্বাসন সহায়তা' খাতের বরাদ্দকৃত ৬০০০০.০০ লক্ষ (ছয়শত কোটি) টাকার মধ্যে '৩২৫১১০৫-সার' উপখাতে ১৬৫০০.০০ লক্ষ (একশত পঁয়ষট্টি কোটি) টাকা হতে ১৩৩.৪২ (এক কোটি তেত্রিশ লক্ষ বেয়াল্লিশ হাজার) লক্ষ টাকা '৩২৫১১০৯- বীজ ও চারা' খাতে বরাদ্দকৃত ৩৬৫০০.০০ লক্ষ (তিনশত পঁয়ষট্টি কোটি) টাকা হতে ৩৪৩.০৮ লক্ষ (তিন কোটি তেতাল্লিশ লক্ষ আট হাজার) ও '৩৬৩১১৯৯- অন্যান্য অনুদান' উপখাতে ৭০০০.০০ লক্ষ (সত্তর কোটি) টাকা হতে ২৩.৮২৫ লক্ষ (তেইশ লক্ষ বিরাশি হাজার পাঁচশত) সর্বমোট ৫০০.৩২৫ লক্ষ (পাঁচ কোটি বত্রিশ হাজার পাঁচশত) টাকা) মাষকলাই আবাদ বৃদ্ধির জন্য বিনামূল্যে বীজ ও সার কৃষকদের মাঝে বিতরণের জন্য নিম্নে বর্ণিত ০৩ নং অনুচ্ছেদের বিভাজন, ০৪ নং অনুচ্ছেদে সংযুক্ত 'বাস্তবায়ন পদ্ধতি' এবং ০৫ নং অনুচ্ছেদে উল্লিখিত শর্তাবলী ও প্রচলিত যাবতীয় আর্থিক বিধি-বিধানের আলোকে ব্যয় করার জন্য ৩৯ টি জেলার জেলা প্রশাসক এবং সভাপতি, জেলা কৃষি পুনর্বাসন কমিটির অনুকূলে এতদ্বারা অর্থছাড় ও অগ্রিম উত্তোলনের সরকারি মঞ্জুরি নির্দেশক্রমে জ্ঞাপন করা হল।

০২। ২০২৩-২৪ /খরিপ-২ মৌসুমে মাষকলাই উৎপাদনের বিঘাপ্রতি উপকরণ ও আর্থিক সহায়তা বিবরণী

| ক্র.নং | উপকরণ/বিষয়ের বিবরণ | বিঘা প্রতি উপকরণ সহায়তা (কেজি) | উপকরণের একক মূল্য (টাকা) | বিঘা প্রতি আর্থিক ব্যয় (টাকা) | কর্মসূচির মোট ব্যয় (লক্ষ টাকা) |
|---|---|---|---|---|---|
| ১ | বীজ | ৫.০০ | ১৪৪.০০ | ৭২০.০০ | ৩৪৩.০৮ |
| ২ | রাসায়নিক সার | - | - | | |
| | ক) ডিএপি | ১০.০০ | ১৯.০০ | ১৯০.০০ | ৯০.৫৩৫ |
| | খ) এমওপি | ৫.০০ | ১৮.০০ | ৯০.০০ | ৪২.৮৮৫ |
| | মোট সার | ১৫.০০ | | ২৮০.০০ | ১৩৩.৪২ |
| ৩ | পরিবহন ব্যয় (২০ কেজির জন্য) | ২০.০০ | ১.৫০ | ৩০.০০ | ১৪.২৯৫ |
| ৪ | আনুষংগিক ব্যয় (২০ কেজির জন্য) | ২০.০০ | ১.০০ | ২০.০০ | ৯.৫৩ |
| ৫ | মোট বরাদ্দ | | | ১০৫০.০০ | ৫০০.৩২৫ |

৩। ২০২৩-২৪ অর্থবছরে মাষকলাই এর মাধ্যমে মাষকলাই উৎপাদন বৃদ্ধির জন্য বীজ ও সার বিতরণ সহায়তা প্রদান কর্মসূচির জেলাভিত্তিক উপকারভোগী কৃষক সংখ্যা ও অর্থ বিভাজন (এক নজরে প্রণোদনা কর্মসূচি):

লক্ষ টাকা

| ক্র. নং | জেলার নাম | কর্মসূচির লক্ষ্যমাত্রা (বিঘা/জন) | উপকরণের পরিমাণ | | | উপকরণের ব্যয় | | | | | | | | মোট বরাদ্দ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | বীজ | ডিএপি | এমওপি | ৩২৫১১০৯-বীজ ওচারা | ৩২৫১১০৫-সার | | | ৩৬৩১১৯৯-অন্যান্য অনুদান | | | |
| | | | | | | বীজ | ডিএপি | এমওপি | মোট | পরিবহন ব্যয় | আনুষংগিক ও অপ্রত্যাশিত ব্যয় | মোট | |
| ১ | নারায়ণগঞ্জ | ৩০০ | ১.৫০০ | ৩.০০০ | ১.৫০০ | ২.১৬০ | ০.৫৭০ | ০.২৭০ | ০.৮৪০ | ০.০৯০ | ০.০৬০ | ০.১৫০ | ৩.১৫০ |
| ২ | গাজীপুর | ৪০০ | ২.০০০ | ৪.০০০ | ২.০০০ | ২.৮৮০ | ০.৭৬০ | ০.৩৬০ | ১.১২০ | ০.১২০ | ০.০৮০ | ০.২০০ | ৪.২০০ |
| ৩ | মানিকগঞ্জ | ৩৮৫০ | ১৯.২৫০ | ৩৮.৫০০ | ১৯.২৫০ | ২৭.৭২০ | ৭.৩১৫ | ৩.৪৬৫ | ১০.৭৮০ | ১.১৫৫ | ০.৭৭০ | ১.৯২৫ | ৪০.৪২৫ |
| ৪ | টাংগাইল | ২৭৫০ | ১৩.৭৫০ | ২৭.৫০০ | ১৩.৭৫০ | ১৯.৮০০ | ৫.২২৫ | ২.৪৭৫ | ৭.৭০০ | ০.৮২৫ | ০.৫৫০ | ১.৩৭৫ | ২৮.৮৭৫ |
| ৫ | কিশোরগঞ্জ | ৭০০ | ৩.৫০০ | ৭.০০০ | ৩.৫০০ | ৫.০৪০ | ১.৩৩০ | ০.৬৩০ | ১.৯৬০ | ০.২১০ | ০.১৪০ | ০.৩৫০ | ৭.৩৫০ |
| ৬ | ময়মনসিংহ | ১৯৫০ | ৯.৭৫০ | ১৯.৫০০ | ৯.৭৫০ | ১৪.০৪০ | ৩.৭০৫ | ১.৭৫৫ | ৫.৪৬০ | ০.৫৮৫ | ০.৩৯০ | ০.৯৭৫ | ২০.৪৭৫ |

| ক্র. নং | জেলার নাম | কর্মসূচির লক্ষ্যমাত্রা (বিঘা/জন) | উপকরণের পরিমাণ | | | উপকরণের ব্যয় | | | | | | | মোট বরাদ্দ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | বীজ | ডিএপি | এমওপি | ৩২৫১১০৯-বীজ ওচারা | ৩২৫১১০৫-সার | | | ৩৬৩১১৯৯-অন্যান্য অনুদান | | | |
| | | | | | | বীজ | ডিএপি | এমওপি | মোট | পরিবহন ব্যয় | আনুষংগিক ও অপ্রত্যাশিত ব্যয় | মোট | |
| ৭ | জামালপুর | ৭০০ | ৩.৫০০ | ৭.০০০ | ৩.৫০০ | ৫.০৪০ | ১.৩৩০ | ০.৬৩০ | ১.৯৬০ | ০.২১০ | ০.১৪০ | ০.৩৫০ | ৭.৩৫০ |
| ৮ | শেরপুর | ৪০০ | ২.০০০ | ৪.০০০ | ২.০০০ | ২.৮৮০ | ০.৭৬০ | ০.৩৬০ | ১.১২০ | ০.১২০ | ০.০৮০ | ০.২০০ | ৪.২০০ |
| ৯ | নেত্রকোনা | ৪০০ | ২.০০০ | ৪.০০০ | ২.০০০ | ২.৮৮০ | ০.৭৬০ | ০.৩৬০ | ১.১২০ | ০.১২০ | ০.০৮০ | ০.২০০ | ৪.২০০ |
| ১০ | সিলেট | ৩০০ | ১.৫০০ | ৩.০০০ | ১.৫০০ | ২.১৬০ | ০.৫৭০ | ০.২৭০ | ০.৮৪০ | ০.০৯০ | ০.০৬০ | ০.১৫০ | ৩.১৫০ |
| ১১ | মৌলভী বাজার | ৩০০ | ১.৫০০ | ৩.০০০ | ১.৫০০ | ২.১৬০ | ০.৫৭০ | ০.২৭০ | ০.৮৪০ | ০.০৯০ | ০.০৬০ | ০.১৫০ | ৩.১৫০ |
| ১২ | হবিগঞ্জ | ৩০০ | ১.৫০০ | ৩.০০০ | ১.৫০০ | ২.১৬০ | ০.৫৭০ | ০.২৭০ | ০.৮৪০ | ০.০৯০ | ০.০৬০ | ০.১৫০ | ৩.১৫০ |
| ১৩ | সুনামগঞ্জ | ৩০০ | ১.৫০০ | ৩.০০০ | ১.৫০০ | ২.১৬০ | ০.৫৭০ | ০.২৭০ | ০.৮৪০ | ০.০৯০ | ০.০৬০ | ০.১৫০ | ৩.১৫০ |
| ১৪ | রাজশাহী | ১০০০ | ৫.০০০ | ১০.০০০ | ৫.০০০ | ৭.২০০ | ১.৯০০ | ০.৯০০ | ২.৮০০ | ০.৩০০ | ০.২০০ | ০.৫০০ | ১০.৫০০ |
| ১৫ | নওগাঁ | ৪০০ | ২.০০০ | ৪.০০০ | ২.০০০ | ২.৮৮০ | ০.৭৬০ | ০.৩৬০ | ১.১২০ | ০.১২০ | ০.০৮০ | ০.২০০ | ৪.২০০ |
| ১৬ | নাটোর | ৪০০ | ২.০০০ | ৪.০০০ | ২.০০০ | ২.৮৮০ | ০.৭৬০ | ০.৩৬০ | ১.১২০ | ০.১২০ | ০.০৮০ | ০.২০০ | ৪.২০০ |
| ১৭ | চাঁপাই নবাবগঞ্জ | ৫৬০০ | ২৮.০০০ | ৫৬.০০০ | ২৮.০০০ | ৪০.৩২০ | ১০.৬৪০ | ৫.০৪০ | ১৫.৬৮০ | ১.৬৮০ | ১.১২০ | ২.৮০০ | ৫৮.৮০০ |
| ১৮ | বগুড়া | ৪০০ | ২.০০০ | ৪.০০০ | ২.০০০ | ২.৮৮০ | ০.৭৬০ | ০.৩৬০ | ১.১২০ | ০.১২০ | ০.০৮০ | ০.২০০ | ৪.২০০ |
| ১৯ | জয়পুরহাট | ৪০০ | ২.০০০ | ৪.০০০ | ২.০০০ | ২.৮৮০ | ০.৭৬০ | ০.৩৬০ | ১.১২০ | ০.১২০ | ০.০৮০ | ০.২০০ | ৪.২০০ |
| ২০ | পাবনা | ৩০০০ | ১৫.০০০ | ৩০.০০০ | ১৫.০০০ | ২১.৬০০ | ৫.৭০০ | ২.৭০০ | ৮.৪০০ | ০.৯০০ | ০.৬০০ | ১.৫০০ | ৩১.৫০০ |
| ২১ | সিরাজগঞ্জ | ৫৬০০ | ২৮.০০০ | ৫৬.০০০ | ২৮.০০০ | ৪০.৩২০ | ১০.৬৪০ | ৫.০৪০ | ১৫.৬৮০ | ১.৬৮০ | ১.১২০ | ২.৮০০ | ৫৮.৮০০ |
| ২২ | রংপুর | ১৫০০ | ৭.৫০০ | ১৫.০০০ | ৭.৫০০ | ১০.৮০০ | ২.৮৫০ | ১.৩৫০ | ৪.২০০ | ০.৪৫০ | ০.৩০০ | ০.৭৫০ | ১৫.৭৫০ |
| ২৩ | গাইবান্ধা | ১৩০০ | ৬.৫০০ | ১৩.০০০ | ৬.৫০০ | ৯.৩৬০ | ২.৪৭০ | ১.১৭০ | ৩.৬৪০ | ০.৩৯০ | ০.২৬০ | ০.৬৫০ | ১৩.৬৫০ |
| ২৪ | কুড়িগ্রাম | ১৪০০ | ৭.০০০ | ১৪.০০০ | ৭.০০০ | ১০.০৮০ | ২.৬৬০ | ১.২৬০ | ৩.৯২০ | ০.৪২০ | ০.২৮০ | ০.৭০০ | ১৪.৭০০ |
| ২৫ | লালমনিরহাট | ৪০০ | ২.০০০ | ৪.০০০ | ২.০০০ | ২.৮৮০ | ০.৭৬০ | ০.৩৬০ | ১.১২০ | ০.১২০ | ০.০৮০ | ০.২০০ | ৪.২০০ |
| ২৬ | নীলফামারী | ৪০০ | ২.০০০ | ৪.০০০ | ২.০০০ | ২.৮৮০ | ০.৭৬০ | ০.৩৬০ | ১.১২০ | ০.১২০ | ০.০৮০ | ০.২০০ | ৪.২০০ |
| ২৭ | দিনাজপুর | ৬০০ | ৩.০০০ | ৬.০০০ | ৩.০০০ | ৪.৩২০ | ১.১৪০ | ০.৫৪০ | ১.৬৮০ | ০.১৮০ | ০.১২০ | ০.৩০০ | ৬.৩০০ |
| ২৮ | ঠাকুরগাঁও | ৮০০ | ৪.০০০ | ৮.০০০ | ৪.০০০ | ৫.৭৬০ | ১.৫২০ | ০.৭২০ | ২.২৪০ | ০.২৪০ | ০.১৬০ | ০.৪০০ | ৮.৪০০ |
| ২৯ | পঞ্চগড় | ৫০০ | ২.৫০০ | ৫.০০০ | ২.৫০০ | ৩.৬০০ | ০.৯৫০ | ০.৪৫০ | ১.৪০০ | ০.১৫০ | ০.১০০ | ০.২৫০ | ৫.২৫০ |
| ৩০ | যশোর | ৪০০ | ২.০০০ | ৪.০০০ | ২.০০০ | ২.৮৮০ | ০.৭৬০ | ০.৩৬০ | ১.১২০ | ০.১২০ | ০.০৮০ | ০.২০০ | ৪.২০০ |
| ৩১ | ঝিনাইদহ | ৩১০০ | ১৫.৫০০ | ৩১.০০০ | ১৫.৫০০ | ২২.৩২০ | ৫.৮৯০ | ২.৭৯০ | ৮.৬৮০ | ০.৯৩০ | ০.৬২০ | ১.৫৫০ | ৩২.৫৫০ |
| ৩২ | কুষ্টিয়া | ১৮৫০ | ৯.২৫০ | ১৮.৫০০ | ৯.২৫০ | ১৩.৩২০ | ৩.৫১৫ | ১.৬৬৫ | ৫.১৮০ | ০.৫৫৫ | ০.৩৭০ | ০.৯২৫ | ১৯.৪২৫ |
| ৩৩ | চুয়াডাঙ্গা | ৪০০ | ২.০০০ | ৪.০০০ | ২.০০০ | ২.৮৮০ | ০.৭৬০ | ০.৩৬০ | ১.১২০ | ০.১২০ | ০.০৮০ | ০.২০০ | ৪.২০০ |
| ৩৪ | মেহেরপুর | ১৮৫০ | ৯.২৫০ | ১৮.৫০০ | ৯.২৫০ | ১৩.৩২০ | ৩.৫১৫ | ১.৬৬৫ | ৫.১৮০ | ০.৫৫৫ | ০.৩৭০ | ০.৯২৫ | ১৯.৪২৫ |
| ৩৫ | ফরিদপুর | ১৮৫০ | ৯.২৫০ | ১৮.৫০০ | ৯.২৫০ | ১৩.৩২০ | ৩.৫১৫ | ১.৬৬৫ | ৫.১৮০ | ০.৫৫৫ | ০.৩৭০ | ০.৯২৫ | ১৯.৪২৫ |
| ৩৬ | মাদারিপুর | ৪০০ | ২.০০০ | ৪.০০০ | ২.০০০ | ২.৮৮০ | ০.৭৬০ | ০.৩৬০ | ১.১২০ | ০.১২০ | ০.০৮০ | ০.২০০ | ৪.২০০ |
| ৩৭ | গোপালগঞ্জ | ৭৫০ | ৩.৭৫০ | ৭.৫০০ | ৩.৭৫০ | ৫.৪০০ | ১.৪২৫ | ০.৬৭৫ | ২.১০০ | ০.২২৫ | ০.১৫০ | ০.৩৭৫ | ৭.৮৭৫ |
| ৩৮ | রাজবাড়ী | ৪০০ | ২.০০০ | ৪.০০০ | ২.০০০ | ২.৮৮০ | ০.৭৬০ | ০.৩৬০ | ১.১২০ | ০.১২০ | ০.০৮০ | ০.২০০ | ৪.২০০ |
| ৩৯ | শরিয়তপুর | ৩০০ | ১.৫০০ | ৩.০০০ | ১.৫০০ | ২.১৬০ | ০.৫৭০ | ০.২৭০ | ০.৮৪০ | ০.০৯০ | ০.০৬০ | ০.১৫০ | ৩.১৫০ |
| | মোট | ৪৭৬৫০ | ২৩৮.২৫ | ২৩৮.২৫ | ৪৭৬.৫০০ | ৩৪৩.০৮ | ৯০.৫৩৫ | ৪২.৮৮৫ | ১৩৩.৪২ | ১৪.২৯৫ | ৯.৫৩০ | ২৩.৮২৫ | ৫০০.৩২৫ |

০৪। ‘২০২৩-২৪ অর্থবছরে কৃষকদের মাঝে খরিপ-২ মৌসুমে মাষকলাই প্রণোদনা কর্মসূচির বাস্তবায়ন পদ্ধতি’ও ‘কৃষক তথ্য ছক’ মোতাবেক ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদ্‌সঙ্গে সংযুক্ত করা হলো।

০৫। **অর্থ ব্যয় এবং কর্মসূচি বাস্তবায়ন সংক্রান্ত শর্তাবলী:**

১. ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে PPA' ২০০৬ ও PPR' ২০০৮ (সংশোধনীসহ) অনুসরণপূর্বক প্রচলিত যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে প্রতিপালন করতে হবে। কর্মসূচির সার বিসিআইসি'র কারখানা/বাফার গুদাম/বিক্রয়কেন্দ্র/মিল গেট/বিএডিসি'র জেলাস্থ/ নিকটবর্তী গুদাম থেকে বিধি মোতাবেক ক্রয় করতে হবে। সারের মূল্য সরকার নির্ধারিত ভর্তুকি মূল্যে ধরা হয়েছে। কোন অবস্থায়ই কর্মসূচির বরাদ্দকৃত অর্থের অতিরিক্ত অর্থ ব্যয় করা যাবে না। জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি বরাদ্দকৃত সকল অর্থ উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসার এর অনুকূলে ছাড় করতে হবে;

২. ছাড়কৃত অর্থ ব্যয়সহ এ কার্যক্রম বাস্তবায়নে ভবিষ্যতে কোন অনিয়ম হলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ দায়ী থাকবেন;

৩. কর্মসূচি প্রাপ্তির পর যথাসম্ভব দ্রুত জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি বিগত বছরের মাষকলাই ফসল আবাদের জমি এবং চলতি খরিপ-২/২০২৩-২৪ মৌসুমে মাষকলাই ফসল আবাদ সম্ভাবনার নিরীখে লক্ষ্যমাত্রা নির্ধারণ করে কর্মসূচির উপজেলাওয়ারী বিভাজন করবেন এবং তদানুযায়ী সংশ্লিষ্ট উপসহকারী কৃষি কর্মকর্তাগণ ক্ষুদ্র ও প্রান্তিক নির্বাচন করে অগ্রাধিকার খসড়া তালিকা প্রস্তুত করবেন। জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির নিয়ন্ত্রণে উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি উক্ত খসড়া তালিকা (প্রয়োজনে সংযোজন ও বিয়োজন করে) অনুমোদন, উপকরণ বিতরণ প্রভৃতি কার্যক্রম বরাদ্দকৃত অর্থের মধ্যে এ পদ্ধতি ও সরকারি আদেশে বর্ণিত শর্তাবলী অনুযায়ী বাস্তবায়ন করবেন। উপজেলা ও জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি কর্তৃক কৃষক তালিকা চূড়ান্ত করার পর 'কৃষক তথ্য ছক' পূরণ করে এর সফটকপি উপজেলা কৃষি কর্মকর্তা কর্তৃক উপকরণ বিতরণ কার্যক্রম শুরুর পূর্বে পরিচালক (সরেজমিন উইং), কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মাধ্যমে সরকারি ই-মেইল আইডি যোগে কৃষি মন্ত্রণালয়ে (E-mail- input2@moa.gov.bd ও moa.input2@gmail.com) আবশ্যিকভাবে প্রেরণ করতে হবে;

৪. সংশ্লিষ্ট ব্লকের উপ-সহকারী কৃষি অফিসার এ কর্মসূচির জন্য মনোনীত (অনুমোদিত অগ্রাধিকার তালিকাভুক্ত) প্রত্যেক কৃষকের ছবিযুক্ত কৃষি কার্ডের উপকরণ সহায়তা অংশে যথাযথভাবে উপকরণের পরিমাণ লিপিবদ্ধ করে যথারীতি মাস্টাররোল সংরক্ষণপূর্বক উপকরণ বিতরণ করবেন। কৃষি উপকরণ কার্ড না থাকলে মাস্টাররোলে অবশ্যই উপকরণ গ্রহণকারী কৃষকের জাতীয় পরিচয় পত্র ও মোবাইল নম্বর যুক্ত করতে হবে। মাস্টার রোলে উপকরণ গ্রহণকারী কৃষক স্বাক্ষর/টিপসহি প্রদান করবেন। উপ-সহকারী কৃষি অফিসার এতে স্বাক্ষর করবেন এবং উপজেলা কৃষি অফিসার এতে প্রতিস্বাক্ষর করবেন;

৫. এ কর্মসূচির আওতায় চলতি খরিপ-২ মৌসুমে মাষকলাই উৎপাদন বৃদ্ধির জন্য প্রান্তিক ও ক্ষুদ্র কৃষক এ অনুদান সহায়তা পাবেন। প্রণোদনাভুক্ত মাষকলাই চাষের জন্য অনুমোদিত অগ্রাধিকার তালিকাভুক্ত প্রতি কৃষক বীজ ও রাসায়নিক সার পাবেন। একজন কৃষককে সর্বাধিক ১ (এক) বিঘা সহায়তা প্রদান করা যাবে;

৬. একজন কৃষক ১ বিঘা জমির জন্য ০৫ (পাঁচ) কেজি মাষকলাই প্রত্যায়িত বীজ, ১০ (দশ) কেজি ডিএপি ও ৫ (পাঁচ) কেজি এমওপি সার পাবেন। এ কর্মসূচির সকল উপকরণ বিতরণ উপজেলা সদর থেকে করতে হবে। সকল উপকরণ কৃষক নিজে গ্রহণ করবেন। কোন অবস্থায়ই প্রকৃত তালিকাভুক্ত কৃষক ছাড়া অন্য কাউকে উপকরণ প্রদান করা যাবে না বা এক জনের উপকরণ অন্য জনকে প্রদান করা যাবে না;

৭. কৃষক প্রতি মিনি প্যাকেটের ঝামেলা ও ওজন কমের বিড়ম্বনা এড়াতে সারের বস্তা ভেঙ্গে আলাদা আলাদা কৃষককে না দিয়ে এ কর্মসূচির আওতায় সহায়তা হিসেবে মাষকলাই প্রত্যায়িত বীজ এর জন্য অনুমোদিত তালিকাভুক্ত প্রতি ১০ (দশ) জনের এক একটি গ্রুপ করে প্রতি গ্রুপকে ২ (দুই) বস্তা ডিএপি ও ১ (এক) বস্তা এমওপি সার বিতরণ করতে হবে। শুধুমাত্র বরাদ্দের হিসাব সমন্বয়ের ক্ষেত্রে প্রয়োজনে বস্তা ভেঙ্গে বিতরণ করা যাবে;

৮. প্রণোদনার জন্য প্রয়োজনীয় মাষকলাই (বারি মাষকলাই-৩ জাত) এর প্রত্যায়িত বীজ বিএডিসি থেকে সংগ্রহ করতে হবে;

৯. পরিবহন ব্যয় জেলা হতে উপজেলার দূরত্ব ও ব্যয়ের বাস্তবতার নিরীখে জেলা কমিটি উপজেলাওয়ারী বিভাজন ও বরাদ্দ প্রদান করবেন;

১০. প্রণোদনা কার্যক্রম বাস্তবায়নে অর্থাৎ মানসম্পন্ন বীজ/চারা বিতরণ ও রোপন সম্পর্কে কৃষককে নিয়মিত পরামর্শ/প্রশিক্ষণ প্রদানসহ উপসহকারী কৃষি কর্মকর্তা থেকে উর্ধ্বতন পর্যায়ের কর্মকর্তাগণ নিবিড়ভাবে পর্যবেক্ষণ করবেন;

১১. উপজেলা কৃষি অফিসার ও সদস্য সচিব, উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি প্রণোদনার জন্য প্রদত্ত উপকরণ বিতরণের নিমিত্ত ব্লক/ইউনিয়ন ভিত্তিক বিতরণ রেজিস্টার, সংশ্লিষ্ট কৃষকের তালিকাসহ যাবতীয় হিসাবাদি ও কাগজপত্র সংরক্ষণ করবেন এবং উপকরণ বিতরণের তালিকা ০১ (এক) কপি সংশ্লিষ্ট উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের নিকট প্রেরণ করবেন। উপপরিচালক সংশ্লিষ্ট জেলার উপজেলা থেকে প্রাপ্ত উপকরণ বিতরণের তালিকা ০১ (এক) কপি সংরক্ষণ করবেন এবং ১ কপি কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মহাপরিচালকের নিকট প্রেরণ করবেন। এবং এর ০১ (এক) কপি জেলা প্রশাসক ও সভাপতি, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির নিকট প্রেরণ করতে হবে। এছাড়া বিতরণকৃত এ তালিকা ডিএই'র জেলা ও উপজেলা কার্যালয়ের ওয়েবসাইটে প্রকাশ করতে হবে;

১২. কর্মসূচির প্রকৃত সুফল প্রাপ্তির জন্য যথাসম্ভব দ্রুত এ কার্যক্রম বাস্তবায়ন সমাপ্ত হবে, কোনোভাবেই বিলম্বে গ্রহণযোগ্য হবে না। প্রণোদনা কার্যক্রম শেষ হওয়ার ১০ (দশ) কর্মদিবসের মধ্যে এ অর্থ ব্যয়ের বিস্তারিত বিবরণী ও সমন্বয় বিবরণী (অব্যয়িত অর্থ জমা দেয়ার চালানের ছায়ালিপিসহ) অর্থ বিভাগে প্রেরণের জন্য সংশ্লিষ্ট জেলার উপপরিচালক ও সদস্য সচিব, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি কর্তৃক **সরকারি ই-মেইলের মাধ্যমে** input2@moa.gov.bd/ moa.input2@gmail.com তে প্রেরণ করতে হবে। পরিচালক, সরেজমিন উইং, উক্ত তথ্য কৃষি মন্ত্রণালয়ে প্রেরণের বিষয়টি নিশ্চিত করবেন। উক্ত সমন্বয় বিবরণীর ০১ (এক) কপি জেলা প্রশাসক ও সভাপতি, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির নিকটও প্রেরণ করতে হবে; এবং

১৩. এ কার্যক্রম বাস্তবায়নে চলমান অন্যান্য পুনর্বাসন কার্যক্রমের সাথে দ্বৈততা যাতে না হয়, সে বিষয়টি কৃষি সম্প্রসারণ অধিদপ্তরকে নিশ্চিত করতে হবে।

আপনার বিশ্বস্ত

স্বাঃ/

নাইমা আফরোজ ইমা
সিনিয়র সহকারী সচিব

নং-১২.০০.০০০০.০২৬.৩৮.০১০.২১.২৪৩

তারিখ : ০৬ ভাদ্র ১৪৩০
২১ আগস্ট ২০২৩

আদেশের ০৪ (চার) কপি এতদ্‌সঙ্গে প্রেরণ করা হলো। আদেশের এক কপি পৃষ্ঠাঙ্কনপূর্বক চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, কৃষি মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা বরাবর প্রেরণ করার জন্য অর্থ বিভাগকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

স্বাঃ/
নাইমা আফরোজ ইমা
সিনিয়র সহকারী সচিব
ফোন নং ০২৫৫১০০৯৬৪
E-mail-input2@moa.gov.bd/
moa.input2@gmail.com

নং-

তারিখ :

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আদেশের অনুলিপি চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, কৃষি মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা এর নিকট প্রেরিত হলো। এতে অর্থ বিভাগের সম্মতি রয়েছে।

(হোসেন আহমেদ)
উপসচিব
বাজেট-২০ শাখা
অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়

নং-১২.০০.০০০০.০২৬.৩৮.০১০.২১.২৪৩

তারিখ : ০৬ ভাদ্র ১৪৩০
২১ আগস্ট ২০২৩

অনুলিপি : জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতা ক্রমানুসারে নয়)

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা।
২. সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন, ৪৯-৫১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা।
৪. চেয়ারম্যান, বাংলাদেশ কেমিক্যাল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন, বিসিআইসি ভবন, ৩০-৩১, দিলকুশা বাণিজ্যিক এলাকা, ঢাকা।
৫. মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা। **(বাস্তবায়ন পদ্ধতি এবং উল্লিখিত শর্তাবলীর আলোকে কার্যক্রম সমাপ্ত হওয়ার পর যথাসময়ে সমন্বয় বিবরণী প্রেরণ নিশ্চিত করণের অনুরোধসহ)**
৬. অতিরিক্ত সচিব, (সার ব্যবস্থাপনা ও উপকরণ/ সম্প্রসারণ/প্রশাসন) অনুবিভাগ, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৭. মহাপরিচালক (বীজ), কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮. জেলা প্রশাসক ও সভাপতি, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি (সংশ্লিষ্ট ৩৯ জেলা)।
৯. উপসচিব, প্রশাসন-৪ (বাজেট) অধিশাখা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা **(আইবাস ++ এ এন্ট্রি প্রদানের ব্যবস্থা গ্রহণের জন্য)**।
১০. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১. সচিব মহোদয়ের একান্ত সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২. সিনিয়র তথ্য অফিসার, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৩. উপপ্রধান (কৃষি অর্থনীতিবিদ), সার ব্যবস্থাপনা ও উপকরণ, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৪. উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর ও সদস্য-সচিব, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি (সংশ্লিষ্ট ৩৯টি জেলা)।
১৫. উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি, উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি (সংশ্লিষ্ট উপজেলা)।
১৬. জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা (সংশ্লিষ্ট ৩৯ টি জেলা) **(জি.ওর বাস্তবায়ন পদ্ধতি/শর্ত মোতাবেক এ প্রণোদনা কার্যক্রম সমাপ্ত হওয়ার ১০ (দশ) কর্মদিবসের মধ্যে ব্যয়ের সমন্বয় বিবরণী প্রস্তুতের সহযোগিতা প্রদানের অনুরোধসহ)**
১৭. উপজেলা কৃষি অফিসার ও সদস্য-সচিব, উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি (সংশ্লিষ্ট উপজেলা) **(জি.ওর বাস্তবায়ন পদ্ধতি/শর্ত মোতাবেক এ প্রণোদনা কার্যক্রম সমাপ্ত হওয়ার পর ১০ (দশ) কর্মদিবসের মধ্যে খরচের সমন্বয় করে মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরে প্রেরণের জন্য)**।
১৮. সহকারী প্রোগ্রামার, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা **(ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)**।
১৯. হিসাবরক্ষণ কর্মকর্তা, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২১/০৮/২৩
নাইমা আফরোজ ইমা
সিনিয়র সহকারী সচিব

E:\প্রণোদনা ও পুনর্বাসন\Pronodona-Punorbason ২০২৩-২৪\মাসকালাই ২৩-২৪\Go Maskhali.docx/৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
উপকরণ-২ শাখা
www.moa.gov.bd

## ‘২০২৩-২৪ অর্থবছরে খরিপ-২ মৌসুমে মাষকলাই প্রণোদনা কর্মসূচির বাস্তবায়ন পদ্ধতি’

**প্রণোদনার উদ্দেশ্যঃ**

১. মাষকলাই আবাদে কৃষকদের উৎসাহিতকরণ ও আবাদ বৃদ্ধি।
২. মাষকলাই ফসলের হেক্টর প্রতি ফলন বৃদ্ধি করা।
৩. সার্বিকভাবে ডালজাতীয় ফসলের মোট উৎপাদন বৃদ্ধি করা।
৪. বন্যা কবলিত এলাকায় ক্ষতিগ্রস্থ ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের সহায়তা প্রদান করা।

**প্রণোদনা কার্যক্রমের যৌক্তিকতাঃ**

প্রণোদনা কার্যক্রম বাস্তবায়নের ফলে ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের মাষকলাই আবাদে ব্যাপকভাবে সম্পৃক্ত করে উক্ত ফসল সমূহের আবাদ বৃদ্ধির প্রচেষ্টা চালানো হয়। কৃষকের আমিষের চাহিদা মিটানোর জন্য মাষকলাই গুরুত্বপূর্ণ ভুমিকা রাখে। গৃহিত পদক্ষেপের ফলে ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের পুষ্টি চাহিদা মিটানোর পাশাপাশি আর্থিক সমৃদ্ধির পথকেও প্রসারিত করবে। শস্য উৎপাদন বৃদ্ধির কার্যক্রমকে কার্যকর ও ফলপ্রসূ করার নিমিত্ত প্রনোদনা একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ।

বিগত বছরগুলোতে শস্য উৎপাদন বৃদ্ধির ধারাবাহিকতায় প্রনোদনা কার্যক্রম পরিচালিত হয়ে আসছে। এই কর্মসূচি বাস্তবায়নের ফলে ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের ফসল চাষাবাদে আগ্রহ বৃদ্ধি পেয়েছে। তাছাড়া পতিত জমি চাষের আওতায় আনার ফলে শস্যের নিবিড়তাও বেড়েছে।

**প্রত্যাশিত সুফল**

এ কর্মসূচি আওতায় ৪৭৬৫০ বিঘা বা ৬৩৫৩.৩৩ হেক্টর জমিতে মাষকলাই চাষ করা যাবে। এতে প্রতি হেক্টরে ১.২১ মেট্রিক টন ফলন হিসেবে ৬৩৫৩.৩৩ হেক্টর জমিতে প্রায় ৭৬৮৭.৫৩ মেট্রিক টন মাষকলাই উৎপাদন হবে যার আর্থিক মূল্য ৩৮৪৩.৭৬৫০০লক্ষ টাকা।

## বাস্তবায়ন পদ্ধতি

১. ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে PPA’ ২০০৬ ও PPR’ ২০০৮ (সংশোধনীসহ) অনুসরণপূর্বক প্রচলিত যাবতীয় আর্থিক বিধি-বিধান যথাযথভাবে প্রতিপালন করতে হবে। কর্মসূচির সার বিসিআইসি’র কারখানা/বাফার গুদাম/বিক্রয়কেন্দ্র/মিল গেট/বিএডিসি’র জেলাস্থ/ নিকটবর্তী গুদাম থেকে বিধি মোতাবেক ক্রয় করতে হবে। সারের মূল্য সরকার নির্ধারিত ভর্তুকি মূল্যে ধরা হয়েছে। কোন অবস্থায়ই কর্মসূচির বরাদ্দকৃত অর্থের অতিরিক্ত অর্থ ব্যয় করা যাবে না। জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি বরাদ্দকৃত সকল অর্থ উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসার এর অনুকূলে ছাড় করতে হবে;

২. ছাড়কৃত অর্থ ব্যয়সহ এ কার্যক্রম বাস্তবায়নে ভবিষ্যতে কোন অনিয়ম হলে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ দায়ী থাকবেন;

৩. কর্মসূচি প্রাপ্তির পর যথাসম্ভব দ্রুত জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি বিগত বছরের মাষকলাই ফসল আবাদের জমি এবং চলতি খরিপ-২/২০২৩-২৪ মৌসুমে মাষকলাই ফসল আবাদ সম্ভাবনার নিরীখে লক্ষ্যমাত্রা নির্ধারণ করে কর্মসূচির উপজেলাওয়ারী বিভাজন করবেন এবং তদানুযায়ী সংশ্লিষ্ট উপসহকারী কৃষি কর্মকর্তাগণ ক্ষুদ্র ও প্রান্তিক নির্বাচন করে অগ্রাধিকার খসড়া তালিকা প্রস্তুত করবেন। জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির নিয়ন্ত্রণে উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি উক্ত খসড়া তালিকা (প্রয়োজনে সংযোজন ও বিয়োজন করে) অনুমোদন, উপকরণ বিতরণ প্রভৃতি কার্যক্রম বরাদ্দকৃত অর্থের মধ্যে এ পদ্ধতি ও সরকারি আদেশে বর্ণিত শর্তাবলী অনুযায়ী বাস্তবায়ন করবেন। উপজেলা ও জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি কর্তৃক কৃষক তালিকা চূড়ান্ত করার পর ‘কৃষক তথ্য ছক’ পূরণ করে এর সফটকপি উপজেলা কৃষি কর্মকর্তা কর্তৃক উপকরণ বিতরণ কার্যক্রম শুরুর পূর্বে পরিচালক (সরেজমিন উইং), কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মাধ্যমে সরকারি ই-মেইল আইডি যোগে কৃষি মন্ত্রণালয়ে (E-mail- input2@moa.gov.bd ও moa.input2@gmail.com) আবশ্যিকভাবে প্রেরণ করতে হবে;

৪. সংশ্লিষ্ট ব্লকের উপ-সহকারী কৃষি অফিসার এ কর্মসূচির জন্য মনোনীত (অনুমোদিত অগ্রাধিকার তালিকাভুক্ত) প্রত্যেক কৃষকের ছবিযুক্ত কৃষি কার্ডের উপকরণ সহায়তা অংশে যথাযথভাবে উপকরণের পরিমাণ লিপিবদ্ধ করে যথারীতি মাস্টাররোল সংরক্ষণপূর্বক উপকরণ বিতরণ করবেন। কৃষি উপকরণ কার্ড না থাকলে মাস্টাররোলে অবশ্যই উপকরণ গ্রহণকারী কৃষকের জাতীয় পরিচয় পত্র ও মোবাইল নম্বর যুক্ত করতে হবে। মাস্টার রোলে উপকরণ গ্রহণকারী কৃষক স্বাক্ষর/টিপসহি প্রদান করবেন। উপ-সহকারী কৃষি অফিসার এতে স্বাক্ষর করবেন এবং উপজেলা কৃষি অফিসার এতে প্রতিস্বাক্ষর করবেন;

৫. এ কর্মসূচির আওতায় চলতি খরিপ-২ মৌসুমে মাষকলাই উৎপাদন বৃদ্ধির জন্য প্রান্তিক ও ক্ষুদ্র কৃষক এ অনুদান সহায়তা পাবেন। প্রণোদনাভুক্ত মাষকলাই চাষের জন্য অনুমোদিত অগ্রাধিকার তালিকাভুক্ত প্রতি কৃষক বীজ ও রাসায়নিক সার পাবেন। একজন কৃষককে সর্বাধিক ১ (এক) বিঘা সহায়তা প্রদান করা যাবে;

৬. একজন কৃষক ১ বিঘা জমির জন্য ০৫ (পাঁচ) কেজি মাষকলাই প্রত্যায়িত বীজ, ১০ (দশ) কেজি ডিএপি ও ৫ (পাঁচ) কেজি এমওপি সার পাবেন। এ কর্মসূচির সকল উপকরণ বিতরণ উপজেলা সদর থেকে করতে হবে। সকল উপকরণ কৃষক নিজে গ্রহণ করবেন। কোন অবস্থায়ই প্রকৃত তালিকাভুক্ত কৃষক ছাড়া অন্য কাউকে উপকরণ প্রদান করা যাবে না বা এক জনের উপকরণ অন্য জনকে প্রদান করা যাবে না;

৭. কৃষক প্রতি মিনি প্যাকেটের ঝামেলা ও ওজন কমের বিড়ম্বনা এড়াতে সারের বস্তা ভেঙে আলাদা আলাদা কৃষককে না দিয়ে এ কর্মসূচির আওতায় সহায়তা হিসেবে মাষকলাই প্রত্যায়িত বীজ এর জন্য অনুমোদিত তালিকাভুক্ত প্রতি ১০ (দশ) জনের এক একটি গ্রুপ করে প্রতি গ্রুপকে ২ (দুই) বস্তা ডিএপি ও ১ (এক) বস্তা এমওপি সার বিতরণ করতে হবে। শুধুমাত্র বরাদ্দের হিসাব সমন্বয়ের ক্ষেত্রে প্রয়োজনে বস্তা ভেঙে বিতরণ করা যাবে;

৮. প্রণোদনার জন্য প্রয়োজনীয় মাষকলাই (বারি মাষকলাই-৩ জাত) এর প্রত্যায়িত বীজ বিএডিসি থেকে সংগ্রহ করতে হবে;

৯. পরিবহন ব্যয় জেলা হতে উপজেলার দূরত্ব ও ব্যয়ের বাস্তবতার নিরীখে জেলা কমিটি উপজেলাওয়ারী বিভাজন ও বরাদ্দ প্রদান করবেন;

১০. প্রণোদনা কার্যক্রম বাস্তবায়নে অর্থাৎ মানসম্পন্ন বীজ/চারা বিতরণ ও রোপন সম্পর্কে কৃষককে নিয়মিত পরামর্শ/প্রশিক্ষণ প্রদানসহ উপসহকারী কৃষি কর্মকর্তা থেকে উর্ধ্বতন পর্যায়ের কর্মকর্তাগণ নিবিড়ভাবে পর্যবেক্ষণ করবেন;

১১. উপজেলা কৃষি অফিসার ও সদস্য সচিব, উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি প্রণোদনার জন্য প্রদত্ত উপকরণ বিতরণের নিমিত্ত ব্লক/ ইউনিয়ন ভিত্তিক বিতরণ রেজিস্টার, সংশ্লিষ্ট কৃষকের তালিকাসহ যাবতীয় হিসাবাদি ও কাগজপত্র সংরক্ষণ করবেন এবং উপকরণ বিতরণের তালিকা ০১ (এক) কপি সংশ্লিষ্ট উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের নিকট প্রেরণ করবেন। উপপরিচালক সংশ্লিষ্ট জেলার উপজেলা থেকে প্রাপ্ত উপকরণ বিতরণের তালিকা ০১ (এক) কপি সংরক্ষণ করবেন এবং ১ কপি কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মহাপরিচালকের নিকট প্রেরণ করবেন। এবং এর ০১ (এক) কপি জেলা প্রশাসক ও সভাপতি, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির নিকট প্রেরণ করতে হবে। এছাড়া বিতরণকৃত এ তালিকা ডিএই'র জেলা ও উপজেলা কার্যালয়ের ওয়েবসাইটে প্রকাশ করতে হবে;

১২. কর্মসূচির প্রকৃত সুফল প্রাপ্তির জন্য যথাসম্ভব দ্রুত এ কার্যক্রম বাস্তবায়ন সমাপ্ত হবে, কোনোভাবেই বিলম্বে গ্রহণযোগ্য হবে না। প্রণোদনা কার্যক্রম শেষ হওয়ার ১০ (দশ) কর্মদিবসের মধ্যে এ অর্থ ব্যয়ের বিস্তারিত বিবরণী ও সমন্বয় বিবরণী (অব্যয়িত অর্থ জমা দেয়ার চালানের ছায়ালিপিসহ) অর্থ বিভাগে প্রেরণের জন্য সংশ্লিষ্ট জেলার উপপরিচালক ও সদস্য সচিব, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি কর্তৃক **সরকারি ই-মেইলের মাধ্যমে** input2@moa.gov.bd/ moa.input2@gmail.com তে প্রেরণ করতে হবে। পরিচালক, সরেজমিন উইং, উক্ত তথ্য কৃষি মন্ত্রণালয়ে প্রেরণের বিষয়টি নিশ্চিত করবেন। উক্ত সমন্বয় বিবরণীর ০১ (এক) কপি জেলা প্রশাসক ও সভাপতি, জেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির নিকটও প্রেরণ করতে হবে; এবং

১৩. এ কার্যক্রম বাস্তবায়নে চলমান অন্যান্য পুনর্বাসন কার্যক্রমের সাথে দ্বৈততা যাতে না হয়, সে বিষয়টি কৃষি সম্প্রসারণ অধিদপ্তরকে নিশ্চিত করতে হবে।

22/04/2026

নাইমা আফরোজ ইমা
সিনিয়র সহকারী সচিব
কৃষি মন্ত্রণালয়

**(পুনর্বাসন/ প্রণোদনা কার্যক্রম মনিটরিংয়ের জন্য 'কৃষক তথ্য' ছক (সরকারি ই-মেইলের মাধ্যমে** E-mail-input2@moa.gov.bd/ moa.input2 @gmail.com**-এ প্রেরন করতে হবে সে ক্ষেত্রে কর্মকর্তার স্বাক্ষরের প্রয়োজন নেই)**

জেলা ও উপজেলার নাম:
ইউনিয়ন/ পৌরসভার নাম :
গ্রাম/মহল্লা/ওয়ার্ড নং:

| নং | কৃষকের নাম | পিতা ও মাতার নাম | কৃষকের জাতীয় পরিচয় পত্রের নম্বর | কৃষকের মোবাইল নম্বর | কর্মসূচি সহায়তা বাবদ প্রাপ্ত বীজ ও সারের পরিমাণ | ফসল উৎপাদন পর্যন্ত সার, বীজ কীটনাশক এর ব্যবহার/ ম্যানেজমেন্টের জন্য উঠান বৈঠকের সম্ভাব্য সংখ্যা |
|---|---|---|---|---|---|---|
| | | | | | বীজের নাম ও জাত-<br>বীজের পরিমাণ-<br>সারের পরিমাণ- | |

উপসহকারী কৃষি অফিসার এর নাম
ও স্বাক্ষর

উপজেলা কৃষি অফিসার এর নাম
ও স্বাক্ষর